আমাদের সময়

তারিখ ... 29 AUG. 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ......

সাতক্ষীরা মেডিক্যাল কলেজের টাকা আত্মসাৎ

# সাবেক অধ্যক্ষসহ ১২ জনের বিরুদ্ধে দুদকের মামলা

মোস্তাফিজুর রহমান উজ্জল, সাতক্ষীরা ●

সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতাল ও সদর হাসপাতালের যন্ত্রপাতি ক্রয়ের নামে পরস্পরের মধ্যে যোগসাজশে ১৩ কোটি ৭০ লাখ টাকা আত্মসাৎ করার অভিযোগে মেডিক্যাল কলেজ হাসপাতালের সাবেক অধ্যক্ষ ও সাতক্ষীরা সদর হাসপাতালের সাবেক সিভিল সার্জন ডা. শরীফ জাহাঙ্গীর আতিকসহ (এস জেড আতিক) ১২ জনের বিরুদ্ধে সদর থানায় ২টি মামলা দায়ের করেছে দুদক। গত বৃহস্পতিবার রাতে দুদকের সহকারী পরিচালক আমিরুল ইসলাম বাদী হয়ে এ মামলা ২টি দায়ের করেন। মামলা নং ৫৩ ও ৫৪। ১৩ কোটি ৭০ লাখ টাকার মধ্যে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতাল বাবদ ৭ কোটি ৫১ লাখ ২১ হাজার ৫০১ টাকা ও সদর হাসপাতাল বাবদ ৬ কোটি ১৯ লাখ ৭৬ হাজার ২৪ টাকা আত্মসাতের পৃথক অভিযোগে সদর থানায় এ মামলা ২টি মামলা দায়ের হয়।

মামলার আসামিরা হলেন– সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতালের সাবেক অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক ডা. এস জেড আতিক, সাতক্ষীরা সদর হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট ডা. রুহুল কুদ্দুস, জুনিয়র কনসালট্যান্ট ডা. নারায়ণ প্রসাদ সান্যাল, সিনিয়র কনসালট্যান্ট ডা. একেএম জাহাঙ্গীর আলম, আবাসিক মেডিক্যাল অফিসার ডা. মারুফ হাসান, জুনিয়র কনসালট্যান্ট ডা. রহিমা খাতুন, মহাখালী ন্যাশনাল ইলেক্ট্রো মেডিক্যাল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টারের অ্যাসিসট্যান্ট রিপায়ার হাবিবুর রহমান, সাতক্ষীরা সমাজসেবা অধিদফতরের সমাজসেবা কর্মকর্তা মো. ওয়াহিদুজ্জামান, সাতক্ষীরা সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা একেএম সোহরাব হাসান, কুষ্টিয়া গণপূর্ত উপ-বিভাগ-১ এর হারুন-অর-রশীদ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাবেক উপ-সচিব আবদুল মালেক এবং সেগুন বাগিচা মার্কেন্টাইল ট্রেড ইন্টারন্যাশনালের প্রোপাইটার আবদুস সাত্তার। এর আগে দুদকের সভায় তাদের নামে মামলার অনুমোদন দেওয়া হয়।

মামলা ২টিতে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতাল ও সদর হাসপাতালে যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে অর্থ আত্মসাতের অভিযোগে ১৩ জনের বিরুদ্ধে মোট ১৩ কোটি ৭০ লাখ টাকা আত্মসাতের অভিযোগ আনা হয়েছে।